



দশমিনা (পটুয়াখালী) : অসম্পূর্ণ বেতাগী রেজিষ্টার্ড প্রাইমারী বিদ্যালয় -ইত্তেফাক

প্রাথমিক বিদ্যালয়ের নির্মাণ কাজ আট বছরেও শেষ হয়নি

দশমিনা (পটুয়াখালী) থেকে সংবাদদাতা ॥ উপজেলার দক্ষিণ খারিজা বেতাগী রেজিষ্টার্ড প্রাইমারী বিদ্যালয় ভবনটির নির্মাণ কাজ দীর্ঘদিনেও শেষ হয়নি। ১৯৯৩/৯৪

অর্থ বছরে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীনে স্কুলটির নির্মাণ কাজ শুরু হয়। নির্মাণ কাজের মাত্র ৩০ ভাগ সম্পন্ন করে ঠিকাদার সম্পূর্ণ বিল তুলে নেয়। দীর্ঘ আট বছরেও বাকী ৭০ ভাগ কাজ সম্পন্ন হয়নি।

বিদ্যালয়ে ২৬০/৭০ জন ছাত্র-ছাত্রী রয়েছে। একটি টিনশেড ছাউনিতে নানা অসুবিধার মধ্যদিয়ে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া চলছিল। গত ৬ই মে ঘূর্ণিঝড়ে ছাউনি সম্পূর্ণ উড়ে যায়। বৃষ্টি হলে ছাত্র-ছাত্রীদের ছাতা মাথায় দিয়ে ক্লাস করতে হয়। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানালেও কোন প্রতিকার হয়নি।